

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

তুলসীঘাট, গাইবান্ধা।

দরপত্র বিজ্ঞপ্তি

০১। নিম্নের বর্ণনা অনুযায়ী মালামাল ক্রয়ের জন্য গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক পবিস তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ সরবরাহকারীর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছেঃ

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
১	২	৩	৪	৫	৬	৭
২২/২২-২৩	প্রিন্টিং সামগ্রী	১০০০/-	২২,০০০/-	৩০/০৪/২০২৩	১৫/০৫/২০২৩	১৫/০৫/২০২৩
২৩/২২-২৩	স্টেশনারী সামগ্রী	১০০০/-	২০,০০০/-	খ্রিঃ তারিখ হতে	খ্রিঃ সকাল	সকাল ১১:৩৫
২৪/২২-২৩	হার্ডওয়্যার মালামাল	১০০০/-	২৪,০০০/-	১৪/০৫/২০২৩	১১:৩০ ঘটিকা	ঘটিকা পর্যন্ত
২৫/২২-২৩	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম	১৫০০/-	১,২০,০০০/-	খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	পর্যন্ত	

- ০২। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০৩। আগ্রহী দরদাতাগণ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে প্রতিটি দরপত্রের জন্য উপরে বর্ণিত ছকের ৩নং কলামে উল্লেখিত টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, তুলসীঘাট, গাইবান্ধা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপ: (উঃঅঃ)পরিদপ্তর, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তর হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৪। উপরে বর্ণিত সময় সীমার মধ্যে উল্লেখিত ০২ (দুই) টি কার্যালয়ের যে কোন একটিতে দরপত্র দাখিল করতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে প্রতিটি গুপের দরপত্রের জন্য উপরে বর্ণিত ছকের ৪নং কলামে উল্লেখিত টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র ছকের ০৭ (সাত) নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী উল্লেখিত ০২ টি কার্যালয়ে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৬। দরপত্রের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, চলতি আয়কর ক্লিয়ারেন্স সনদ, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদ পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৭। সরবরাহকারী গণকে গাইবান্ধা পবিস কর্তৃক বিধি মোতাবেক মালামালের মূল্য পরিশোধ করা হবে।
- ০৮। অন্যান্য শর্তাবলী দরপত্র দলিলে বর্ণিত আছে।
- ০৯। গাইবান্ধা পবিস-কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১০। উল্লেখিত দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট - www.pbs.gaibandha.gov.bd- তে পাওয়া যাবে।

(মোঃ আব্দুল কুদ্দুস)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)